# উন্নয়ন বার্তা

খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক প্রকাশনা

ডিসেম্বর ২০১৮ - ফেব্রুয়ারি ২০১৯, সংখ্যা- ০১
















## জেলা প্রশাসন, খুলনা

ওয়েব সাইট : www.khulna.gov.bd

ফেসবুক পেজসমূহ

* মিডিয়া সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
* DC Khulna



## বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় নেতৃত্বে দেশব্যাপী চলছে উন্নয়নের মহাযজ্ঞ। সমগ্র দেশের ন্যায় খুলনা জেলার উন্নয়নকে এগিয়ে নিতে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে জেলা প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। খুলনা জেলার উন্নয়নের কিছু খন্ডচিত্র 'উন্নয়ন বার্তা' নামক এই ত্রৈমাসিক প্রকাশনাটিতে উঠে এসেছে। খুলনা জেলার ধারাবাহিক উন্নয়নের বিশাল কর্মযজ্ঞের এক স্বপ্রতিভ আত্ম-প্রকাশ এই 'উন্নয়ন বার্তা'। উন্নয়নের খবর খুলনার আপামর জনগণের কাছে পৌঁছে দিতে এই সাময়িকীটি অসাধারণ ভূমিকা রাখবে বলে আশা করছি। সেই সাথে খুলনার উন্নয়নের সাথে সংশিষ্ট সকলে অনুপ্রাণিত হবে এই সাময়িকীটি প্রকাশের মাধ্যমে।

আমি জেলা প্রশাসন, খুলনা কর্তৃক প্রকাশিত 'উন্নয়ন বার্তা' এর সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন।

লোকমান হোসেন মিয়া
বিভাগীয় কমিশনার, খুলনা



## বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন সুখী ও সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে। বর্তমান সরকারের ভিশন-২০২১, টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০, রূপকল্প-২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ যেন উন্নয়নের একেকটি সিঁড়ি। ২০৪১ সালের মধ্যে সুখী-সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জেলা প্রশাসন, খুলনা ব্যাপক উন্নয়ন কর্মকান্ড হাতে নিয়েছে। রূপসা-ভৈরব বিধৌত খুলনার আনাচে-কানাচে পৌঁছে যাচ্ছে উন্নয়নের সুফল। আর এই উন্নয়নের অগ্রযাত্রাকে স্মরণীয় করে রাখতে জেলা প্রশাসন, খুলনা কর্তৃক প্রকাশিত হচ্ছে 'উন্নয়ন বার্তা' নামক এই ত্রৈমাসিক প্রকাশনাটি। সাময়িকীটি প্রকাশিত হওয়ায় আমি ভীষণ আনন্দিত এবং আশাবাদী যে এটি সুখী-সমৃদ্ধ খুলনার উন্নয়ন-ইতিহাসের সাক্ষ্য বহন করে চলবে।

আমি এই প্রকাশনার সাথে জড়িত সকলকে জানাই অভিবাদন।

মোহাম্মদ হেলাল হোসেন
জেলা প্রশাসক, খুলনা



## বাণী

সুখী-সমৃদ্ধ ও শোষণ-বঞ্চনামুক্ত বাংলাদেশ গড়ে তোলা ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন লালিত স্বপ্ন। এই স্বপ্নকে বাস্তবায়ন করতেই নিরলসভাবে কাজ করে যাচ্ছেন তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। খুলনা জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হেলাল হোসেন মহোদয়ের দক্ষ ও সফল নেতৃত্বে উন্নয়ন তড়িৎ গতিতে এগিয়ে যাচ্ছে। খুলনাকে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উন্নয়নের কেন্দ্রবিন্দুতে পরিণত করতে গৃহীত হয়েছে ব্যাপক পরিকল্পনা এবং সে অনুযায়ী জেলা প্রশাসক মহোদয়ের নেতৃত্বে পরিচালিত হচ্ছে উন্নয়নের মহাযজ্ঞ। খুলনা জেলার এই উন্নয়নের বার্তা জনসাধারণের কাছে পৌঁছে দিতে প্রকাশিত হচ্ছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীটি। 'উন্নয়ন বার্তা'য় প্রকাশিত প্রতিটি সচিত্র প্রতিবেদন জনগণকে সচেতন করে তুলবে এবং সেই সাথে খুলনার উন্নয়ন সংশ্লিষ্ট সকলকে অনুপ্রাণিত করবে বলে আমি আশাবাদী।

আমি সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি 'উন্নয়ন বার্তা' প্রকাশের সদয় অনুমতি ও সার্বিক সহযোগিতা প্রদানের জন্য। আমি 'উন্নয়ন বার্তা' প্রকাশনা কমিটির সকল সদস্যকে তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

জিয়াউর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
ও আহবায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

## একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মনোনয়ন পত্র যাচাই-বাছাইকরণ

২০১৮ সালের ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত হয় একাদশ জাতীয় সংসদ নির্বাচন। জাতীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করার লক্ষ্যে প্রার্থীগণ জেলা রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেন। জমাকৃত মনোনয়নপত্র যাচাই বাছাই করে অবৈধ মনোনয়নপত্র বাতিল ঘোষণা করা হয়। জেলা প্রশাসক, খুলনা এবং রিটার্নিং অফিসার জনাব মোহাম্মদ হেলাল হোসেন এ যাচাই বাছাই প্রক্রিয়ায় নেতৃত্ব দেন। এই প্রক্রিয়ায় আরো যুক্ত ছিলেন জেলা প্রশাসন, খুলনা ও জেলা নির্বাচন অফিসের কর্মকর্তাবৃন্দ।




জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে মনোনয়ন পত্র যাচাই-বাছাই প্রক্রিয়া চলছে

## ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) বিষয়ে সাংবাদিকবৃন্দের সাথে মতবিনিময়

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে খুলনা-২ আসনের সকল কেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম)-এ ভোট গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। জনসচেতনতা বৃদ্ধি ও প্রচারের লক্ষ্যে ৮ ডিসেম্বর, ২০১৮ তারিখে স্থানীয় সাংবাদিকবৃন্দের সাথে একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। উল্লেখ্য যে, নির্বাচন কমিশনের সিদ্ধান্তক্রমে খুলনা-২ আসনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।




ইভিএম বিষয়ক মতবিনিময় সভায় জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রতীক বরাদ্দকরণ

১০ ডিসেম্বর, ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০১৮ এর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়। জেলা প্রশাসকের কার্যালয়ে এই প্রতীক বরাদ্দ করেন জেলা প্রশাসক, খুলনা ও রিটার্নিং অফিসার জনাব মোহাম্মদ হেলাল হোসেন। এসময় জেলা প্রশাসন, খুলনা ও জেলা নির্বাচন অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নামে প্রতীক বরাদ্দ করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ কর্মশালা

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বাংলাদেশ নির্বাচন কমিশন ভোট গ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করেন। ১২ ডিসেম্বর, ২০১৮ ও ২৪ ডিসেম্বর, ২০১৮ তারিখে খুলনা জেলায় আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। প্রশিক্ষণ কর্মশালায় আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এবং জেলা নির্বাচন কর্মকর্তা, খুলনা।






একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ২১ ডিসেম্বর, ২০১৮ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশন আয়োজিত ইভিএম বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এই কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া।




ইভিএম বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য রাখছেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বাংলাদেশ নির্বাচন কমিশনের আয়োজনে ২৪ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয় পোলিং এজেন্ট মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। এই কর্মশালায় আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এবং জেলা নির্বাচন কর্মকর্তা, খুলনা।




পোলিং এজেন্ট মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণে বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## বিজয় দিবস-২০১৮ উদযাপন

বাঙালির গৌরবের ও বিজয়ের দিন ১৬ ডিসেম্বর। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি সেনাবাহিনীর হাত থেকে দখলমুক্ত হয় বাংলার মাটি। বাংলাদেশের স্বাধীনতা তার ঠিকানা খুঁজে পায়। সারাদেশের ন্যায় জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এই দিবসকে ঘিরে নানা কর্মসূচি পালিত হয়।





বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, খুলনা ও জেলা প্রশাসক, খুলনা

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা

জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ সভায় খুলনার উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ তাঁদের স্ব-স্ব দপ্তরের উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনা করেন। সভায় আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, খুলনার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন


নির্বাচনে নারীর নিরাপদ অংশগ্রহণ ও সুরক্ষা প্রদানের লক্ষ্যে UNDP ও UN WOMEN এর যৌথ আয়োজনে ২১ ডিসেম্বর, ২০১৮ তারিখে সচেতনতামূলক র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম। আরো উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন সহ বিভাগীয় ও জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




নির্বাচনে নারীর অংশগ্রহণে সচেতনতামূলক কর্মসূচিতে বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক গণসচেতনতামূলক লিফলেট প্রকাশিত হয় যা জেলার বিভিন্ন স্থানে ছড়িয়ে দেওয়া হয়। এছাড়াও নির্বাচন শুরুর ৪৮ ঘন্টা আগে থেকে সভা, সমাবেশ, মিছিল, শোভাযাত্রা করা যাবে না মর্মে জেলা প্রশাসন থেকে গণবিজ্ঞপ্তি প্রকাশিত হয়। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে এই গণবিজ্ঞপ্তি জনসচেতনতা বৃদ্ধিতে এবং প্রার্থীদের আচরণবিধি মানতে ব্যাপক সহায়তা করে।




একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশনের লিফলেট ও জেলা প্রশাসনের গণবিজ্ঞপ্তি

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন ইভিএমে অনুশীলনমূলক ভোটিং সম্পর্কিত লিফলেট প্রকাশ করে। জেলা প্রশাসন, খুলনা এই লিফলেটে খুলনার বিভিন্ন স্থানে প্রচার ও সামাজিক যোগাযোগ মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক পরিচালিত পেজ-এ প্রকাশ করে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করে।




ইভিএম-এ অনুশীলনমূলক ভোটিং সম্পর্কিত নির্বাচন কমিশনের লিফলেট



ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানের ভিডিও প্রদর্শনী

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে ২৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে প্রকাশ্য স্থানে ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানের ভিডিও প্রদর্শনী করা হয়। খুলনা মহানগরীর ময়লাপোতা মোড়, রয়েল মোড় এবং শিববাড়ি মোড় স্পটে এই প্রদর্শনী চলে। প্রদর্শনীতে ইভিএম-এ ভোট প্রদানের পদ্ধতি সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হয়।

২৭ ডিসেম্বর, ২০১৮ তারিখে জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) সম্পর্কে অবহিত করতে খুলনা নগরীর বিভিন্ন স্থানে যান এবং সরাসরি জনসাধারণের সাথে কথা বলেন। এছাড়া তিনি বিভিন্ন সেমিনার ও মতবিনিময় সভায় অংশগ্রহণ করে ইভিএম-এ ভোট প্রদানের নিয়ম ও গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখেন।






ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) সম্পর্কে অবহিতকরণ কার্যক্রমে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

# জেলা প্রশাসনের তত্ত্বাবধানে নির্বাচনকালীন মোবাইল কোর্ট পরিচালনা



৩ ডিসেম্বর, ২০১৮-নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অপরাধে অর্থদন্ড প্রদান



৪ ডিসেম্বর, ২০১৮- নির্বাচনী আচরণবিধি সমুন্নত রাখতে মোবাইল কোর্ট পরিচালনা





৪ ডিসেম্বর, ২০১৮- নির্বাচন কালে 'মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩' এর অধীনে মোবাইল কোর্ট পরিচালনা





৮ ডিসেম্বর, ২০১৮- নির্বাচনী আচরণ বিধিমালা লঙ্ঘনের অপরাধে মোট ১৫ জনকে অর্থদন্ড প্রদান





১৪ ডিসেম্বর, ২০১৮- নির্বাচনী আচরণ বিধিমালার যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণে খুলনা শহরের বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট পরিচালনা

## একাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০১৮

৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয় একাদশ জাতীয় সংসদ নির্বাচন। এদিন খুলনা জেলার বিভিন্ন ভোটকেন্দ্র পরিদর্শনে যান জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। সঙ্গে ছিলেন পুলিশ সুপার, খুলনা। এদিন খুলনা জেলায় অত্যন্ত শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হয়।





জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন ভোটগ্রহণ কার্যক্রম পরিদর্শন করছেন

## একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল সংগ্রহ ও পরিবেশনা

৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখের একাদশ জাতীয় সংসদ নির্বাচন শেষে ফলাফল সংগ্রহ ও পরিবেশন করেন জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে স্থাপিত এ ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল ঘোষণা করা হয়। এসময় উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এবং জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে ফলাফল ঘোষণার কর্যক্রম চলছে

## শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

৩ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন দরিদ্র শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন। শীতে কষ্ট পাওয়া অসহায় বৃদ্ধ ও শিশুদের জন্য তা অপার আনন্দের উপলক্ষ হয়ে আসে। সেসময় উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



শীতবস্ত্র বিতরণ করছেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

শীতে কষ্ট পাওয়া মানুষগুলোর মুখে হাসি ফোটাতে ১৪ জানুয়ারি, ২০১৯ তারিখে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র সেখ সালাহউদ্দিন জুয়েল এবং জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন একত্রে শীত বস্ত্র বিতরণ করেন।






মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন ও মাননীয় এম.পি, খুলনা-২ এর সাথে শীতবস্ত্র বিতরণ করছেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## শেখ রাসেল ইকোপার্ক পরিদর্শন এবং সার্বিক কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ

খুলনাসহ অত্র অঞ্চলের অন্যতম প্রধান পর্যটন কেন্দ্র রূপে গড়ে উঠতে যাচ্ছে শেখ রাসেল ইকোপার্ক। এ পার্কের উন্নয়ন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ৭ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন এবং জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বটিয়াঘাটা উপজেলায় অবস্থিত শেখ রাসেল ইকোপার্ক পরিদর্শন করেন।

২২ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এবং জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে বটিয়াঘাটা উপজেলায় অবস্থিত শেখ রাসেল ইকোপার্কে সমন্বয় সভা অনুষ্ঠিত হয় এবং শেখ রাসেল ইকোপার্কের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়।







জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন কর্তৃক শেখ রাসেল ইকোপার্ক পরিদর্শন



শেখ রাসেল ইকোপার্কের কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান



পুরস্কার বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

১৪ জানুয়ারি, ২০১৯ তারিখে ৪৮ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা ও অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।

## জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা

১৩ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় খুলনাকে মাদক, সন্ত্রাস, ভূমিদস্যু, চাঁদাবাজ ও যানজট মুক্ত শহর হিসাবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করা হয়। জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এ প্রত্যয় ব্যক্ত করেন অতিথিরা। সভায় উপস্থিত খুলনা-২ আসনের নব-নির্বাচিত মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল বলেন, তাঁর নির্বাচনী ইশতেহারে মাদক, ভূমি দখল, চাঁদাবাজ এবং ভেজাল খাদ্যদ্রব্যের ব্যাপারে জিরো টলারেন্স ঘোষণা করা হয়েছে। তিনি সকলের সহযোগিতায় এ ইশতেহার বাস্তবায়নের আশ্বাস দেন। খুলনার প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর অত্যন্ত ইতিবাচক মনোভাব রয়েছে উল্লেখ করে তিনি বলেন, খুলনার উন্নয়নের জন্য পাঁচ হাজার কোটি টাকা বরাদ্দ আনা হবে এবং একটি মাস্টারপ্ল্যানের মাধ্যমে তা বাস্তবায়ন করা হবে। খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক বলেন, বর্তমানে খুলনার মূল সমস্যা যানজট যার পিছনে রয়েছে অবৈধ মাহেন্দ্র, ব্যাটারি চালিত রিক্সা এবং ইজিবাইক। একসময় এক হাজার আটশত ইজিবাইক কে লাইসেন্স দেয়া হলেও এখন সে সংখ্যা ৩০ থেকে ৪০ হাজার বলে উল্লেখ করেন সিটি মেয়র। লাইসেন্স বিহীন অবৈধ এসব যানবাহন নিয়ন্ত্রণের মধ্যে এনে দুই মাসের মধ্যে খুলনা থেকে যানজট নিরসনের অঙ্গীকার করেন মেয়র।




জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় সভাপতিত্ব করছেন
জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## মেয়র কাপ কিশোরী ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

মেয়র কাপ কিশোরী ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয় ১৪ জানুয়ারি, ২০১৯ তারিখে। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক। বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন।



মেয়র কাপ কিশোরী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ও জেলা প্রশাসক, খুলনা

## ৫ম খুলনা জেলা কাব ক্যাম্পুরি-২০১৯ এর শুভ উদ্বোধন

২২ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন দিঘলিয়া এম এ মজিদ মডেল মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে বাংলাদেশ স্কাউটস, ৫ম খুলনা জেলা কাব ক্যাম্পুরি এর শুভ উদ্বোধন করেন। এসময় জেলা প্রশাসনের কর্মকর্তাসহ বিদ্যালয়টির শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।






কাব ক্যাম্পুরি-২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা
জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## মাদক অপরাধ দমনে আইনের প্রয়োগ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন

২৪ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাদক অপরাধ দমনে আইনের প্রয়োগ এবং কর্মকৌশল ও সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ। সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন।




মাদক অপরাধ দমনে আইনের প্রয়োগ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

# সাপ্তাহিক গণশুনানি

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সাপ্তাহিক গণশুনানিতে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন খুলনার অসহায় ও দরিদ্র মানুষের কথা মনযোগের সাথে শোনেন এবং তাদের সমস্যা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।




২৩ জানুয়ারি, ২০১৯ তারিখের গণশুনানিতে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন




৩০ জানুয়ারি, ২০১৯ তারিখের গণশুনানিতে দরিদ্র অসহায়দের সাহায্য প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন






২১ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের সাপ্তাহিক গণশুনানি







২৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের সাপ্তাহিক গণশুনানি

## দুর্নীতির বিরুদ্ধে জেলা প্রশাসনের উদ্যোগ

দুর্নীতির বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর জিরো টলারেন্স নীতিকে সামনে রেখে জেলা প্রশাসন, খুলনা দুর্নীতি দমনে উদ্যোগ গ্রহণ করে। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন দৃঢ়ভাবে ঘোষণা করেন, জেলা প্রশাসনের কেউ দুর্নীতি ও অনিয়মের সাথে জড়িত হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তারই অংশ হিসেবে ২৪ জানুয়ারি, ২০১৯ তারিখে ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, দৌলতপুর ইউনিয়ন ভূমি অফিস এর বিরুদ্ধে দুর্নীতি ও অন্যান্য অনিয়মের অভিযোগে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। দুর্নীতির বিরুদ্ধে জেলা প্রশাসন, খুলনার এ ধরনের দৃঢ় পদক্ষেপ অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
রাজস্ব শাখা
www.khulna.gov.bd

অফিস আদেশ

জেলা প্রশাসক
খুলনা
dckhulna@mopa.gov.bd

দুর্নীতির অভিযোগে বরখাস্তকরণের অফিস আদেশ প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

# জেলা প্রশাসন, খুলনা কর্তৃক বিভিন্ন আইনে পরিচালিত মোবাইল কোর্ট






১১ ফেব্রুয়ারি, ২০১৯- ফিলিং স্টেশনে মোবাইল কোর্টের অভিযান

৫ ফেব্রুয়ারি, ২০১৯- রেস্তোরাঁয় মোবাইল কোর্টের অভিযান









৩ ফেব্রুয়ারি, ২০১৯- অবৈধভাবে পলিথিন বিক্রি ও মজুদ নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা

৩০ জানুয়ারি, ২০১৯- অবৈধভাবে পরিচালিত কোচিং সেন্টারে মোবাইল কোর্ট পরিচালনা






## বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠান

২৮ জানুয়ারি, ২০১৯ সরকারি ইকবালনগর মাধ্যমিক বিদ্যালয়, খুলনার বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির আসন অলংকৃত করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।




ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন

ছাত্র-ছাত্রীদের জন্য পড়াশুনা যেমন জরুরি, তেমনই চারিত্রিক, দৈহিক ও মানসিক গুণাবলীর বিকাশে খেলাধুলার কোন বিকল্প নেই। ৩১ জানুয়ারি, ২০১৯ লেখাপড়ার পাশাপাশি কোমলমতি ছাত্রছাত্রীদের প্রতিভা বিকাশের লক্ষ্যে খুলনা মহানগরীর করোনেশন বালিকা বিদ্যালয়, এস ও এস হারমান স্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন।





বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের পুরস্কার বিতরণ

বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক শিশুরাও এদেশে যোগ্য মানব সম্পদ রূপে গড়ে উঠতে পারে। ৩১ জানুয়ারি, ২০১৯ জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন খুলনা বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক ও ক্রীড়াক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী বিশেষ শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন এবং তাদের কল্যাণে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।







বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের পুরস্কার বিতরণ করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## খুলনা জেলার উন্নয়ন পরিকল্পনা গ্রহণে গণমাধ্যমের সাথে জেলা প্রশাসকের মতবিনিময়

উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ। উন্নয়নের ছোঁয়া লেগেছে দেশের প্রতিটি প্রত্যন্ত অঞ্চলে। ৩ ফেব্রুয়ারি, ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প-২০২১ ও ২০৪১ এবং নির্বাচনী ইশতেহার ২০১৮ এর আলোকে খুলনা জেলার উন্নয়ন পরিকল্পনা গ্রহণের নিমিত্তে গণমাধ্যমের সাথে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। এই সভায় খুলনার উন্নয়ন নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়।




খুলনার উন্নয়ন পরিকল্পনা নিয়ে গণমাধ্যমের সাথে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের মতবিনিময়

# অবৈধ দখল উচ্ছেদ অভিযান

খুলনা জেলার জলাবদ্ধতা নিরসনে ভদ্রা ও সালদা নদী শীর্ষক প্রকল্পের আওতায় নদী পুনঃখননের স্বার্থে নদী সীমানার মধ্যে অবৈধ দখল ও স্থাপনা অপসারণের জন্য সংশ্লিষ্ট সকলকে নোটিশ দেয়া হয়। স্থাপনা অপসারণ না করায় ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় জেলা প্রশাসন, খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ জাকির হোসেন এই উচ্ছেদ অভিযান পরিচালনা করেন। এ উচ্ছেদ অভিযানে সহযোগিতা করেন পুলিশ বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, ফায়ার সার্ভিস ও পল্লী বিদ্যুৎ এর প্রতিনিধিগণ। অভিযানে ডুমুরিয়া উপজেলার শোভনা ইউনিয়নের ভদ্রাদিয়ায় একটি ইট-ভাটা এবং গাবতলায় নদীর উপর নির্মিত একটি আধাপাকা বাড়ি অপসারণ করা হয়। সরকারি খাস সম্পত্তির উপর অবৈধ স্থাপনা নির্মাণের বিরুদ্ধে এবং নদী রক্ষার্থে জেলা প্রশাসনের এ ধরণের অভিযান অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়।





ভদ্রা ও সালদা নদীতে পরিচালিত উচ্ছেদ অভিযান

## অবৈধ অস্থায়ী স্থাপনা উচ্ছেদ কার্যক্রম

বাংলাদেশের নদীগুলোকে তার পূর্ব রূপে ফিরিয়ে আনতে নদীর জায়গা দখল করে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদে সরকার বদ্ধ পরিকর। তারই অংশ হিসেবে ৬ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে রূপসা ফেরিঘাটের পূর্ব প্রান্ত হতে কুদির বটতলা পর্যন্ত অবৈধ অস্থায়ী স্থাপনা উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করেন জেলা প্রশাসন, খুলনা'র নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ ইমরান খান।





রূপসা নদীর অবৈধ অস্থায়ী স্থাপনা উচ্ছেদ কার্যক্রম

## ময়ুর নদী দখলমুক্তকরণ

৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ সকাল ৯.৩০ মিনিটে গল্লামারী ব্রীজের পাশে ময়ুর নদীর দুই পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদে জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় জনৈক রাকিবুর রহমানের স্থাপনা, ২টি অস্থায়ী মাংসের দোকান ও লিনিয়ার পার্কের সিঁড়িসহ বেশ কয়েকটি স্থাপনা উচ্ছেদ করা হয়। ময়ুর নদীসহ আরো ২২ টি নদী ও খাল অবৈধ দখলদার মুক্ত করার জন্য জেলা প্রশাসনের উচ্ছেদ অভিযান ও নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার কথা বলা হয়। এ মোবাইল কোর্টটি পরিচালনা করেন জেলা প্রশাসন, খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জাকির হোসেন। এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, সরকারী কমিশনার (ভূমি) ও কেসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট। জেলা পুলিশ ও কেসিসির একটি করে টিম এই অভিযানে সহযোগিতা করেন। অবৈধ স্থাপনা ও নদী দখলকারীদের বিরুদ্ধে জেলা প্রশাসনের উচ্ছেদ অভিযান চলমান রাখার প্রত্যয় ব্যক্ত করা হয়।



ময়ুর নদীর দুই পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম





অবৈধ ভাবে মাটি উত্তোলন ও ইট প্রস্তুতকরণের দায়ে শাস্তিপ্রদান

## অবৈধভাবে মাটি উত্তোলনের অভিযোগে দন্ডিতদের কারাদন্ড ও অর্থদন্ড প্রদান

১৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ শুক্রবার বিকালে শেখ রাসেল ইকোপার্ক, খুলনা এবং আশ্রয়ন প্রকল্পের নদী সংলগ্ন জমি থেকে ইট প্রস্তুতির জন্য অবৈধভাবে মাটি উত্তোলন এবং লাইসেন্স না থাকায় এল এস বি ব্রিকস, পুঠিমারি, বটিয়াঘাটা, খুলনা এর ব্যবস্থাপক মফিজুল ইসলামকে ইট প্রস্তুতি ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুসারে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ৫০,০০০ টাকা অর্থদন্ড, অর্থদন্ড অনাদায়ে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়। একই সাথে ইট ভাটার একজন সহযোগীকে একই আইনে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ২০,০০০ টাকা অর্থদন্ড, অর্থদন্ড অনাদায়ে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসন, খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব জাবের মোঃ সোয়াইব।

## চিংড়িতে জেলি পুশ করার বিরুদ্ধে মোবাইল কোর্টের অভিযান

১৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে বিকাল ৫টায় গোপন সূত্রের ভিত্তিতে ন্যাশনাল সি ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, রূপসায় অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনার সময় সেখানে জেলি পুশকৃত চিংড়ি ও অপদ্রব্য মিশ্রিত চিংড়ি সহ আনুমানিক মোট ১০৮০ কেজি চিংড়ি পাওয়া যায়। ন্যাশনাল সি ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেডকে মোবাইল কোর্টের মাধ্যমে অপদ্রব্য মিশ্রিত ও ভেজাল চিংড়ি রাখার জন্য ৫০,০০০ টাকা জরিমানা করা হয় এবং জব্দকৃত চিংড়ি ধ্বংস করা হয়। অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ জাকির হোসেন। অভিযানে জেলা ও উপজেলা মৎস্য কর্মকর্তা এবং পুলিশ বিভাগের সদস্যবৃন্দ সহযোগিতা করেন। চিংড়িতে জেলি পুশ করা এবং অপদ্রব্য মিশ্রণের বিরুদ্ধে জেলা প্রশাসন, খুলনার এমন অভিযান অব্যাহত থাকবে বলে ঘোষণা করা হয়।



মোবাইল কোর্টের মাধ্যমে জেলি পুশকৃত চিংড়ি জব্দ

## মাদকের বিরুদ্ধে টাস্কফোর্সের অভিযান

১২ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে খুলনায় জেলা প্রশাসনের নেতৃত্বে মাদকের বিরুদ্ধে টাস্কফোর্সের অভিযান পরিচালিত হয়। শহরের নতুন বাজার এলাকায় অভিযান পরিচালনা করে গাঁজা সেবন ও বিক্রয়ের অপরাধে মোঃ হৃদয় হোসেনকে ৬ মাসের কারাদন্ড দেওয়া হয়। এছাড়া সাতরাস্তা এলাকায় একটি দোকানে যৌন উত্তেজক ওষুধ বিক্রির অপরাধে দোকানের মালিক মোঃ আব্দুল মালেককে আর্থিক জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসন, খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মিজানুর রহমান। অভিযানে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা এবং আর্মড পুলিশ ব্যাটালিয়ন অংশ নেয়। সুস্থ সমাজ ও দেশ গঠনে জেলা প্রশাসন, খুলনার এমন অভিযান গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।



জেলা প্রশাসনের মাদক-বিরোধী অভিযান

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক খুলনা জেলার রূপসা উপজেলায় ১০৫ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্রের শুভ উদ্বোধন

বর্তমান সরকার দেশের উন্নয়নের চাকাকে ত্বরান্বিত করার জন্য বিদ্যুৎ উৎপাদনের উপর জোর দিয়েছে। ২০২১ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদনের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের অংশ হিসেবে ৬ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুলনা জেলার রূপসা উপজেলায় ১০৫ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে শুভ উদ্বোধন করেন। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মুর্শেদী, বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন সহ বিভিন্ন শ্রেণি-পেশার ব্যক্তিবর্গ এ ভিডিও কনফারেন্সে যুক্ত হন।






মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক রূপসায় ১০৫ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্রের শুভ উদ্বোধন

## জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০১৯ উদযাপন

২ ফেব্রুয়ারি, ২০১৯ 'নিরাপদ খাদ্য আইন, ২০১৩' বাস্তবায়ন ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে "জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০১৯" উদযাপন উপলক্ষে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন এবং অন্যান্য বিশিষ্টজনের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।






নিরাপদ খাদ্য দিবস-২০১৯ উদযাপনে আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## মেয়র কাপ ইনডোর গেমস এর শুভ উদ্বোধন

৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে মেয়র কাপ ইনডোর গেমসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক। ইনডোর গেমসের শুভ উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া।






মেয়র কাপ ইনডোর গেমস এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## ই-নামজারি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন করেন মাননীয় ভূমি মন্ত্রী

সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনার জন্য ই-নামজারি প্রচলন করা হয়। কিন্তু ই-নামজারি চলমান রাখার জন্য দরকার এর সাথে সংশ্লিষ্টদের সঠিক প্রশিক্ষণ। ১০ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে ভূমি মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় ও জেলা প্রশাসন, খুলনা'র আয়োজনে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সম্মানিত সচিব ৪ দিনব্যাপী 'ই-নামজারি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন' করেন। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) জনাব সুবাস চন্দ্র সাহা এবং জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।







ই-নামজারি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন করেন মাননীয় ভূমি মন্ত্রী

## খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন জুয়েলকে সংবর্ধনা প্রদান

১১ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে খুলনা অফিসার্স ক্লাবের পক্ষ থেকে বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন জুয়েলকে সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন, পুলিশ সুপার, খুলনা জনাব এস এম শফিউল্লাহসহ বিশিষ্টজন উপস্থিত ছিলেন। এসময় মাননীয় সংসদ সদস্য ক্লাবের রিফ্রেশমেন্ট রুমের শুভ উদ্বোধন করেন।





মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন জুয়েলকে সংবর্ধনা দেন বিভাগীয় কমিশনার, খুলনা ও জেলা প্রশাসক, খুলনা

## খুলনা বিভাগীয় আন্তঃধর্মীয় সংলাপে মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী

৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে আয়োজিত "খুলনা বিভাগীয় আন্তঃধর্মীয় সংলাপ" এ খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন সহ খুলনা বিভাগের দশটি জেলার বিশিষ্টজন অংশগ্রহণ করেন। মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জনাব আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।





খুলনা বিভাগীয় আন্তঃধর্মীয় সংলাপে বক্তব্য রাখছেন মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী ও জেলা প্রশাসক, খুলনা

## Digital Marketing ও Freelancing প্রশিক্ষণের মাধ্যমে Capacity Building শীর্ষক প্রকল্পের শুভ উদ্বোধন

১১ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে শিক্ষিত তরুণ-তরুণীদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে Digital Marketing ও Freelancing প্রশিক্ষণের মাধ্যমে Capacity Building শীর্ষক প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন করেন বঙ্গবন্ধুর ভ্রাতুস্পুত্র, খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন জুয়েল। মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার ও রূপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে তরুণদের আত্মকর্মসংস্থান সৃষ্টির নিমিত্তে আয়োজিত এ প্রশিক্ষণ কার্যক্রমে বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত), খুলনা জনাব লোকমান হোসেন মিয়া, পুলিশ কমিশনার, কে.এম.পি সরদার রকিবুল ইসলাম, পুলিশ সুপার খুলনা জনাব এস এম শফিউল্লাহ সহ বিশিষ্টজন উপস্থিত ছিলেন।





Capacity Building শীর্ষক প্রকল্পের শুভ উদ্বোধনে খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সেখ সালাহউদ্দিন জুয়েল

## ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান

১৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা, জনাব লোকমান হোসেন মিয়া। এছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীরা এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।







ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া ও জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## খুলনা বিভাগে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা সভা

১৩ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় খুলনা বিভাগে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা সভা। বিভগীয় কিমশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়ার সভাপতিত্বে এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান এম.পি.। আরো উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক, জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। সভায় খুলনার উন্নয়ন প্রকল্পসমূহ নিয়ে সার্বিক আলোচনা হয়।



খুলনা বিভাগের উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা সভায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী

## সরকারি দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় গোয়ালখালী খুলনা-এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধীরাও হাসতে পারে, খেলতে পারে, তারাও হয়ে উঠতে পারে সমাজের গুরুত্বপূর্ণ অংশ। ২০ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন সরকারি দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, গোয়ালখালী, খুলনা'র বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দৃষ্টি ও বাক-শ্রবণ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।





প্রতিবন্ধী বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## দরিদ্র কৃতি শিক্ষার্থীকে ল্যাপটপ প্রদান

তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনের মাধ্যমে দারিদ্র্য বিমোচন সম্ভব। সরকারের এই লক্ষ্য বাস্তবায়নের উদ্দেশ্যে ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন দরিদ্র কৃতি শিক্ষার্থীকে Laptop (Core i5, 8th generation) প্রদান করেন। জেলা প্রশাসকের এ কর্ম-তৎপরতা তথ্য প্রযুক্তি শিক্ষাকে উদ্বুদ্ধকরণের অনুকরণীয় দৃষ্টান্ত।



দরিদ্র কৃতি শিক্ষার্থীকে ল্যাপটপ প্রদান করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

## ২১শে বইমেলা এর শুভ উদ্বোধন

জ্ঞান অর্জনে বই পড়ার কোন বিকল্প নেই। পহেলা ফেব্রুয়ারি, ২০১৯ 'বই পড়ি, স্বদেশ গড়ি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে, খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক ও অন্যান্য বিশিষ্টজনের উপস্থিতিতে বিভাগীয় গণগ্রন্থাগার প্রাঙ্গণে মাসব্যাপী একুশে বইমেলার শুভ উদ্বোধন করা হয়।





একুশে বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক ও জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন

# মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উদযাপন

২১শে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। মায়ের ভাষার অধিকার আদায়ের লক্ষ্যে ১৯৫২ সালের এই দিনে বাংলার রাজপথে ঝরেছিল তাজা রক্ত। রফিক, সালাম, বরকত, জব্বার সহ নাম না-জানা অনেক শহিদের স্মরণে ২১শে ফেব্রুয়ারি পালিত হয়ে আসছে মহান শহিদ দিবস হিসেবে। ইউনেস্কো'র স্বীকৃতি প্রদানের পর থেকে দিবসটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবেও পালিত হয়ে আসছে। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উপলক্ষে ২১ ফেব্রুয়ারি, ২০১৯ এর প্রথম প্রহরে জেলা প্রশাসন, খুলনার পক্ষে পুষ্পস্তবক অর্পণ করে বায়ান্ন'র ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক ও বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া উপস্থিত ছিলেন। এছাড়া বীর মুক্তিযোদ্ধাগণ, বিভাগীয় ও জেলা প্রশাসনসহ সকল দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত থেকে শহিদদের প্রতি শ্রদ্ধা জানান।







২১শে ফেব্রুয়ারিতে শহিদদের প্রতি জেলা প্রশাসনের শ্রদ্ধা নিবেদন



# মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আয়োজিত 'আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান'

২১শে ফেব্রুয়ারি, ২০১৯ খুলনা জেলা প্রশাসন মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহিদদের স্মরণে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। জেলা প্রশাসক, খুলনা জনাব মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার, খুলনা জনাব লোকমান হোসেন মিয়া। সভায় উপস্থিত অতিথিবৃন্দ ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বক্তব্য প্রদান করেন।




মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভা

সার্বিক তত্ত্বাবধানে

**মোহাম্মদ হেলাল হোসেন**
জেলা প্রশাসক, খুলনা

সম্পাদনায়

**জিয়াউর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও
আহবায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**মোঃ রাকিবুল হাসান**
সহকারী কমিশনার ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**দেবাশীষ বসাক**
সহকারী কমিশনার ও
সদস্য সচিব, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**জেলা প্রশাসন, খুলনা**